

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫০০

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৌলিক দু'আসমূহ

আরবী

وَعَن عبدِ الله بنِ عَمْروٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الصبّحَّةَ وَالْعِفَّةَ والأمانةَ وحُسنَ الْخلق والرضى بِالْقدرِ»

বাংলা

২৫০০-[১৯] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম (দু'আয়) বলতেন,

''আল্ল-হুমা ইন্নী আস্আলুকাস্ সিহহাতা ওয়াল 'ইফফাতা ওয়াল আমা-নাতা ওয়া হুস্নাল খুলুকি ওয়ার্ রিযা- বিল কদার''

(অর্থাৎ- হে আল্লাহ! আমি তোমার কাছে সুস্বাস্থ্য, পবিত্রতা, আমানাতদারী, উত্তম চরিত্র এবং তাকদীরের উপর সম্ভুষ্ট থাকার তাওফীক কামনা করছি)।[1]

ফুটনোট

[1] য'ঈফ: মু'জামুল কাবীর লিত্ব ত্ববরানী ৬০, আদ্ দা'ওয়াতুল কাবীর ২৫৯, শু'আবূল ঈমান ৮১৮১, য'ঈফ আল আদাবুল মুফরাদ ৪৭/৩০৭, য'ঈফ আল জামি' ১১৯১। কারণ 'আবদুর রহমান বিন যিয়াদ বিন আন্'উম আর 'আবদুর রহমান বিন রাফি' দু'জন দুর্বল রাবী ।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হে আল্লাহ! আমি তোমার নিকট সকল রোগ-ব্যাধি থেকে শারীরিক সুস্থতা চাই অথবা সর্বাবস্থায় সুস্থ থাকা, সঠিক কথা বলা এবং সঠিক কাজ করার তাওফীক চাই।

অত্র হাদীসে সংযম অর্থ হচ্ছে অবৈধ সকল কিছু পরিত্যাগ করা ও তা থেকে বিরত থাকা। মানাবী বলেন, এখানে সকল হারাম ও মাকরূহ এবং মুরুয়াহ্'র (শিষ্টাচারিতা বা আমানাতদারিতার) ঘাটতি তৈরি করে এমন সকল বস্তু



ও বিষয় থেকে সংযম চাই।

এখানে (الأمانة) "আমা-নাহ্" বলতে ব্যক্তির কাছে থাকা আল্লাহ ও জনগণ; উভয়ের আমানাত সংরক্ষণের কথা বুঝানো হয়েছে।

(حُسنَ الْخلق) "হুসনুল খুলক" বা সচ্চরিত্র বলতে সৃষ্টির সাথে সহৃদয় আচরণ ও তাদের দেয়া কষ্টে ধৈর্যধারণ করা। কারী বলেন, এর উদ্দেশ্য হলো, মুসলিমদের সাথে সদাচরণ করা। আল্লাহ কর্তৃক নির্ধারিত ভাগ্যের প্রতি সম্ভুষ্ট না থাকলে বান্দা 'ইবাদাত করার সময়ে মনোযোগী হতে পারবে না। কারণ 'ইবাদাতের সময় তার মাথায় বারবার চিন্তা আসবে যে, এটি কেন সে পেল না? ঐ কাজটি কেন এমন হলো? ইত্যাদি। তাই সে যদি তার পাওয়া না পাওয়া আল্লাহ কর্তৃক নির্ধারিত- এমন বিশ্বাস রাখে এবং তার প্রতি সম্ভুষ্ট থাকে তাহলে সে 'ইবাদাতে মশগুল থাকতে পারবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন